গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, মাগুরা
www.cooparative.magura.gov.bd

নম্বর: ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.১২৬

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, জেলা সমবায় কার্যালয়, মাগুরার ২৮/০৫/২০২৩খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.৩৪.০০২.১৯.৫৬০ নং আদেশে আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: (নিবন্ধন নং-০০১০/মাগুরা, তারিখ: ১৮/০৩/২০১২খ্রি.), গ্রাম/মহল্লা: টুপিপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরার কার্যক্রম সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৪৯(১)(ঘ) মোতাবেক গঠিত তদন্ত কমিটিকে একই আইনের ধারা ৪৯(২) মোতাবেক তদন্ত করত: প্রতিবেদন দাখিল করতে বলা হয়;
যেহেতু, গঠিত তদন্ত কমিটি কর্তৃক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪৯(২) ধারায় সম্পাদিত তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদি সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোথিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(১) এ বর্ণিত অপরাধের অন্তর্ভূক্ত হওয়ায় একই আইনের ধারা ৮৩(১) মোতাবেক সুনির্দিষ্টভাবে দতন্তের জন্য এ কার্যালয়ের ২৭/১১/২০২৩খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.৩৪.০০২.১৯.১৯৩১ নং আদেশে আরো একটি তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, প্রাক্তন সভাপতি জনাব মো: জাহিদুল ইসলাম জুয়েল, প্রাক্তন সহ-সভাপতি জনাব নাজমুল হাসান, প্রাক্তন সম্পাদক জনাব ইচফাতুল জান্নাত, প্রাক্তন সম্পাদক জনাব রানা খান, প্রাক্তন সভাপতি জনাব হিরা সরকার, প্রাক্তন সম্পাদক জনাব মো: সাজ্জাদ হোসেন ও প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির সদস্য জনাব পলাশ সরকার কর্তৃক সমবায় সমিতি আইন ও বিধি লঙ্ঘন করে দূর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও বিধি বহির্ভূতভাবে সমিতির আর্থিক ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনার কারণে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে তদন্ত কমিটি দায়ি ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সুপারিশ করেছেন;

যেহেতু, বর্ণিত তদন্ত প্রতিবেদন এবং এ কার্যালয়ের রেকর্ড পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(১) এ বর্ণিত অপরাধ সমিতির প্রাক্তন সভাপতি জনাব মো: জাহিদুল ইসলাম জুয়েল, প্রাক্তন সহ-সভাপতি জনাব নাজমুল হাসান, প্রাক্তন সম্পাদক জনাব ইচফাতুল জান্নাত, প্রাক্তন সম্পাদক জনাব রানা খান, প্রাক্তন সভাপতি জনাব হিরা সরকার, প্রাক্তন সম্পাদক জনাব মো: সাজ্জাদ হোসেন ও প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির সদস্য জনাব পলাশ সরকারের দায়িত্বহীনতা, দূর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও বিধি বহির্ভূত কার্যক্রম সম্পাদনের কারণে আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:" (নিবন্ধন নং-০০১০/মাগুরা, তারিখ: ১৮/০৩/২০১২খ্রি.) আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে;

যেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(১) এ বর্ণিত অপরাধে অভিযুক্ত ব্যক্তিবর্গকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানের নিমিত্ত জেলা সমবায় কার্যালয়, মাগুরার বিগত ১১/১২/২০২৪খ্রি. তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.৩৪.০০২.১৯.১৫৮৬ নং স্মারকমূলে ২৩/১২/২০২৪খ্রি. তারিখে শুনানির দিন ধার্য করে উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে শুনানিতে অংশগ্রহণের জন্য উপস্থিত হতে বলা হয়। উক্ত শুনানিতে সমিতির প্রাক্তন সম্পাদক জনাব ইচফাতুল জান্নাত, প্রাক্তন সম্পাদক জনাব মো: সাজ্জাদ হোসেন ও প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির সদস্য জনাব পলাশ সরকার অংশগ্রহণ করেন এবং তাঁদের বক্তব্য (লিখিতসহ) উপস্থাপন করেন কিন্তু সমিতির প্রাক্তন সভাপতি জনাব মো: জাহিদুল ইসলাম জুয়েল, প্রাক্তন সহ-সভাপতি জনাব নাজমুল হাসান, প্রাক্তন সম্পাদক জনাব রানা খান ও প্রাক্তন সভাপতি জনাব হিরা সরকার শুনানিকালে উপস্থিত হননি;

যেহেতু, উপরোক্ত দুটি তদন্ত প্রতিবেদনের সুপারিশ, শুনানিতে উপস্থাপিত বক্তব্য ও এ কার্যালয়ের রেকর্ডপত্র পর্যালোচনায় প্রতিয়মান হয়েছে যে, সংশ্লিষ্ট দায়ি ব্যক্তিবর্গ কর্তৃক দূর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও বিধি বহির্ভূত কার্যক্রম সম্পাদনের দ্বারা **আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:** (নিবন্ধন নং-০০১০/মাগুরা, তারিখ: ১৮/০৩/২০১২খ্রি.), গ্রাম/মহল্লা: টুপিপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরার সর্বমোট ২,১৪,০৪,২৭৪/- (দুই কোটি চৌদ্দ লক্ষ চার হাজার দুইশত চুয়াত্তর) টাকা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করা হয়েছে;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৮৩(২) মোতাবেক **আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:** এর সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের উপর নিম্নরূপভাবে শাস্তি/দন্ড আরোপ করা হলোঃ

দায় ধার্যের তালিকা

| ক্র: নং | দায়ী ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | আর্থিক অনিয়ম, ক্ষতি, দায়/অব্যাহতির বিবরণ | দায়ের খাতওয়ারি টাকার পরিমাণ | ৮৩(২) ধারায় আরোপিত শাস্তি/দন্ড |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: জাহিদুল ইসলাম জুয়েল, প্রাক্তন সভাপতি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | স্কুল প্রকল্পে বিধি বর্হিভূত/অনিয়মের সাথে জড়িত অর্থ: | ৬,৫৮,৪৬২.০০ | ৮৭,৫৯,৮১৮.০০ (সাতাশি লক্ষ উনষাট হাজার আটশত আঠারো) টাকা। |
| | | ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে আইন ও বিধি বর্হিভূতভাবে গৃহীত বেতন ভাতার অর্থ গ্রহণজনিত অনিয়মের সাথে জড়িত অর্থ: | ১৪,০৯,১৩৩.০০ | |
| | | অফিস ভাড়া প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: | ৭,১০,৫০০.০০ | |
| | | বিধি বর্হিভূতভাবে অফিস ভাড়া অগ্রিমের নামে আত্মসাতকৃত অর্থ: | ২৩,২৮,৬৭৮.০০ | |
| | | ঋণ প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: (৪৯ ধারার তদন্ত পর্যন্ত) | ১০,২৫,৬১৮.০০ | |
| | | বিধি বর্হিভূতভাবে আমানতের উপর সুদ প্রদানের ফলে সমিতির ক্রমপুঞ্জিভূত ক্ষতি জনিত অনিয়মের সাথে জড়িত অর্থ:(৪৯ ধারার তদন্ত পর্যন্ত) | ২৬,২৭,৪২৭.০০ | |
| ২. | নাজমুল হাসান, প্রাক্তন সহ-সভাপতি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | ঋণ প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: (৪৯ ধারার তদন্ত পর্যন্ত) | ১০,২৫,৬১৬.০০ | ৩৬,৫৩,০৪২.০০ (ছত্রিশ লক্ষ তেপান্ন হাজার বিয়াল্লিশ) টাকা। |
| | | বিধি বর্হিভূতভাবে আমানতের উপর সুদ প্রদানের ফলে সমিতির ক্রমপুঞ্জিভূত ক্ষতি জনিত অনিয়মের সাথে জড়িত অর্থ:(৪৯ ধারার তদন্ত পর্যন্ত) | ২৬,২৭,৪২৬.০০ | |
| ৩. | ইচফাতুল জান্নাত, প্রাক্তন সম্পাদক, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে আইন ও বিধি বর্হিভূতভাবে গৃহীত বেতন ভাতার সাথে জড়িত অর্থ: | ১,২৮,৮০০.০০ | ৩৭,৮১,৮৪২.০০ (সাঁইত্রিশ লক্ষ একাশি হাজার আটশত বিয়াল্লিশ) টাকা। |
| | | ঋণ প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: (৪৯ ধারার তদন্ত পর্যন্ত) | ১০,২৫,৬১৬.০০ | |
| | | বিধি বর্হিভূতভাবে আমানতের উপর সুদ প্রদানের ফলে সমিতির ক্রমপুঞ্জিভূত ক্ষতি জনিত অনিয়মের সাথে জড়িত অর্থ:(৪৯ ধারার তদন্ত পর্যন্ত) | ২৬,২৭,৪২৬.০০ | |
| ৪. | রানা খান, প্রাক্তন সম্পাদক, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে আইন ও বিধি বর্হিভূতভাবে গৃহীত বেতন ভাতার সাথে জড়িত অর্থ: | ১,৫২,৪৫০.০০ | ১,৫২,৪৫০.০০ (এক লক্ষ বাহান্ন হাজার চারশত পঞ্চাশ) টাকা |
| ৫. | হিরা সরকার, প্রাক্তন সভাপতি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | ঋণ প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: (৪৯ ধারার তদন্ত পরবর্তী ২০২১-২৩ সনের অডিট পর্যন্ত) | ২,৯৮,৩০০.০০ | ১৬,৮৫,৭০৮.০০ (ষোলো লক্ষ পঁচাশি হাজার সাতশত আট) টাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিধি বর্হিভূতভাবে আমানতের উপর সুদ প্রদানের ফলে সমিতির ক্রমপুঞ্জিভূত ক্ষতি জনিত অনিয়মের সাথে জড়িত অর্থ: (৪৯ ধারার তদন্ত পরবর্তী ২০২১-২৩ সনের অডিট পর্যন্ত) | ১৩,৮৭,৪০৮.০০ | |
| ৬. | মো: সাজ্জাদ হোসেন, প্রাক্তন সম্পাদক, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | ঋণ প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: (৪৯ ধারার তদন্ত পরবর্তী ২০২১-২৩ সনের অডিট পর্যন্ত) | ২,৯৮,৩০০.০০ | ১৬,৮৫,৭০৭.০০ (ষোলো লক্ষ পঁচাশি হাজার সাতশত আট) টাকা। |
| | | বিধি বর্হিভূতভাবে আমানতের উপর সুদ প্রদানের ফলে সমিতির ক্রমপুঞ্জিভূত ক্ষতি জনিত অনিয়মের সাথে জড়িত অর্থ: (৪৯ ধারার তদন্ত পরবর্তী ২০২১-২৩ সনের অডিট পর্যন্ত) | ১৩,৮৭,৪০৭.০০ | |
| ৭. | পলাশ সরকার, প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির সদস্য, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:। | ঋণ প্রদানের নামে আত্মসাতকৃত অর্থ: (৪৯ ধারার তদন্ত পরবর্তী ২০২১-২৩ সনের অডিট পর্যন্ত) | ২,৯৮,৩০০.০০ | ১৬,৮৫,৭০৭.০০ (ষোলো লক্ষ পঁচাশি হাজার সাতশত আট) টাকা। |
| | | বিধি বর্হিভূতভাবে আমানতের উপর সুদ প্রদানের ফলে সমিতির ক্রমপুঞ্জিভূত ক্ষতি জনিত অনিয়মের সাথে জড়িত অর্থ: (৪৯ ধারার তদন্ত পরবর্তী ২০২১-২৩ সনের অডিট পর্যন্ত) | ১৩,৮৭,৪০৭.০০ | |

০২। উপরোক্ত ছকের ২ নং কলামে উল্লিখিত ব্যক্তিবর্গের নামে ৫ নং কলামে আরোপিত শাস্তি/আরোপিত দন্ডের টাকা সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৮৩(২) ধারা মোতাবেক এ আদেশ জারির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে অত্র সমবায় সমিতির তহবিলে জমা প্রদান পূর্বক প্রমাণক এ কার্যালয়ে দাখিল করতে বলা হলো। ধার্যকৃত অর্থ পরিশোধে ব্যর্থতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৮৩(৩) ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো।

১১-০২-২০২৫
মোঃফরিদুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

নম্বর: ৪৭.৬১.৫৫০০.০০০.২৭.০০৭.১৯.১২৬/১ (১০)

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মো: জাহিদুল ইসলাম জুয়েল, পিতা: মো: আ: ওহাব মিয়া, প্রাক্তন সভাপতি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, গ্রাম: টুপিপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা, ০১৯১৭৬৬৩৫২৬।

২। জনাব নাজমুল হাসান, পিতা: মৃত কনীআর মান্নান, প্রাক্তন সহ-সভাপতি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, গ্রাম: কচুয়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা।

৩। জনাব ইচফাতুল জান্নাত, জং- মো: জাহিদুল ইসলাম জুয়েল, প্রাক্তন সম্পাদক, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি

লি:, গ্রাম: টুপিপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা, ০১৯১৭৬৬৩৫২৬।
৪। জনাব রানা খান, পিতা: খান রবিউল ইসলাম, প্রাক্তন সম্পাদক, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, গ্রাম: খামারপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা।
৫। জনাব হিরা সরকার, পিতা: নারায়ন চন্দ্র সরকার, প্রাক্তন সভাপতি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, গ্রাম: খামারপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা, ০১৯১০৬৭৮৮৬৩।
৬। জনাব মো: সাজ্জাদ হোসেন, পিতা: মো: আ: ওহাব মিয়া, প্রাক্তন সম্পাদক, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, গ্রাম: টুপিপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা, ০১৬১২৭১৬৮৩১।
৭। জনাব পলাশ সরকার, পিতা: মৃত পরেশ চন্দ্র সরকার, প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির সদস্য, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, গ্রাম: খামারপাড়া, ডাকঘর: খামারপাড়া, শ্রীপুর, মাগুরা, ০১৯১৬১০৮১৯৩।
৮। সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: গ্রাম-টুপিপাড়া, ডাক-খামারপাড়া, উপজেলা-শ্রীপুর, মাগুরা।
৯। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস,শ্রীপুর, মাগুরা।
১০। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

১১-০২-২০২৫
মোঃফরিদুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত)